

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
শিক্ষা ভবন, ঢাকা

বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে দুর্নীতি প্রতিরোধে ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

গত ২২ আগস্ট ২০২৪ তারিখ সকাল ১১.০০টায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে দুর্নীতি প্রতিরোধে ১ম ত্রৈমাসিক সভা মোহাঃ নূরজাহান খাতুন (অতিরিক্ত সচিব), মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট শিক্ষা ভবন, ঢাকা মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশ করা হলো।

২। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। এছাড়া ২০২৪-২০২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ পর্যালোচনা করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।	বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণের বিষয়ে আলোচনা করা হয়।	বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কর্মকর্তা
২.	সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ।	জাতীয় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ৩.১ কার্যক্রম অনুযায়ী সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতি ত্রৈমাসিকে ন্যূনতম ১টি করে সচেতনতা সভা আয়োজন করা যায়।	টিওএন্ডইভুক্ত যানবাহনসমূহের বিধি মোতাবেক ব্যবহার নিশ্চিতের লক্ষ্যে প্রতি ত্রৈমাসিকে ন্যূনতম ১টি করে সচেতনতা সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন ও অর্থ) উপপরিচালক (প্রশাসন)
৩.	দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত স্টীকার ব্যবহার ও প্রচার প্রচারণা।	অনলাইনে এবং অফলাইনে প্রাপ্ত অভিযোগসমূহের উপর ব্যবস্থা গ্রহণের বিষয়ের আলোচনা করা হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ৩.১.৩ কার্যক্রম অনুযায়ী গত ০৩-০৭-২৪ তারিখে অফিসের সামনে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত অভিযোগ বাক্স স্থাপন করা হয় এবং গত ২৪-০৯-২৪ তারিখে দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত স্টীকার ব্যবহারের মাধ্যমে প্রচারণা চালানো।	অনলাইনে এবং অফলাইনে প্রাপ্ত অভিযোগসমূহের উপর দ্রুততম সময়ের মধ্যে ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন ও অর্থ)/ উপপরিচালক (প্রশাসন)
৪.	অধীনস্থ শাখা পরিদর্শন।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ৩.৪ কার্যক্রম অনুযায়ী প্রতি ত্রৈমাসিকে পরিচালক (প্রশাসন ও অর্থ)/উপপরিচালক (প্রশাসন)/উপপরিচালক (অর্থ ও হিসাব) কর্তৃক অধীনস্থ শাখাসমূহ পরিদর্শন করে পেডিং ও অনিয়ম/অনিষ্পন্ন কাজসহ প্রাপ্ত অনিয়মের উপর জবাবদিহিমূলক ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়।	প্রতি ত্রৈমাসিকে পরিচালক (প্রশাসন ও অর্থ)/উপপরিচালক (প্রশাসন)/উপপরিচালক (অর্থ ও হিসাব) কর্তৃক অধীনস্থ শাখাসমূহ পরিদর্শন করে পেডিং ও অনিয়ম/অনিষ্পন্ন প্রাপ্ত অনিয়মের উপর জবাবদিহিমূলক ব্যবস্থা গ্রহণ নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন ও অর্থ)/ উপপরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (অর্থ ও হিসাব)

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৫.	বিবিধ।	সরকারি কর্মকর্তা-কর্মচারীদের ব্যক্তিগত ও চাকরি জীবনে নৈতিকতা ও শিষ্টাচার বজায় রাখার বিষয়ে আলোচনা করা হয়। জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক (প্রশাসন ও অর্থ) কর্মকর্তা-কর্মচারীদেরকে শিষ্টাচার ও নৈতিকতা বজায় রেখে পরমতসহিষ্ণু ও অনোর মতামতের প্রতি শ্রদ্ধাশীল হয়ে দাপ্তরিক কার্যাদি সম্পন্ন করার অনুরোধ জানান।	কর্মকর্তা-কর্মচারীদের ব্যক্তিগত ও চাকরি জীবনে নৈতিকতা, শিষ্টাচার বজায় রেখে পরমতসহিষ্ণু ও অনোর মতামতের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করে দাপ্তরিক কার্যাদি সম্পন্ন করার জন্য পত্র জারির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন ও অর্থ)

৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০৬/২০২৪

মোহাম্মদ নূরজাহান খাতুন

(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +৮৮০-২-৪১০৫০৩৮৯

ই-মেইল: cpeimu2011@gmail.com

স্মারক নং-৩৮.২০৫.০০১.০০.০০.০০৮.২০১৩. ৫৭

তারিখ: ১৭ জুলাই ১৪৩১ বঙ্গাব্দ
০২/০৬/২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি: কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(মনিটরিং-১/২), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপপরিচালক (প্রশাসন)/(সকল), এ ইউনিট।
- ০৪। উপপরিচালক (প্রশাসন), এ ইউনিট। কার্যবিবরণীটি ইউনিটের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ০৫। সহকারী পরিচালক (প্রশাসন), এ ইউনিট।
- ০৬। হিসাবরক্ষণ অফিসার, এ ইউনিট।
- ০৭। জনাব/বেগম এ ইউনিট।
- ০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ ইউনিট। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অফিস কপি।

২০/০৬/২০২৪

মোঃ কামাল হোসেন

পরিচালক, প্রশাসন ও অর্থ

(অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +৮৮০-২-৪১০৫০৩৯১

ই-মেইল: cpeimu2011@gmail.com